

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ০১ পৌষ ১৪২০/১৫ ডিসেম্বর ২০১৩

নং ০৪.০০.০০০০.২৩২.৪৫.০১৭.১৩.৫৮—জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌছাইয়া দেওয়ার লক্ষ্যে ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্কের আওতায় ইউনিয়ন পরিষদ হইতে মন্ত্রণালয় পর্যন্ত সরকারি দপ্তরসমূহের ওয়েবসাইট তৈরির কার্যক্রম গ্রহণ করা হইয়াছে। এই সকল ওয়েবসাইট তথ্যসমূক্ত, মানসম্মত এবং জনবাক্তব করিবার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত বিভাগীয় পর্যায়ে সরকার নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:

বিভাগীয় ওয়েব পোর্টাল ব্যবস্থাপনা কমিটি	
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত)	আহবায়ক
বিভাগীয় দপ্তরসমূহ হইতে মনোনীত ৩-৫ জন কর্মকর্তা	সদস্য
সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার	সদস্য-সচিব

২।

কমিটির কার্যপরিধি:

- (ক) অধিক্ষেত্রভুক্ত দপ্তরসমূহের ওয়েব পোর্টালসমূহ সমৃক্ত করিবার লক্ষ্যে উপযুক্ত কনটেন্ট সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;
- (খ) পোর্টালে আপলোডকৃত তথ্যের বন্ধনিষ্ঠতা যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ;
- (গ) প্রয়োজনীয় তথ্যপ্রযুক্তি সামগ্ৰী সংগ্ৰহ, দুটগতির ইন্টাৱনেট সংযোগের ব্যবস্থা গ্রহণ, রক্ষণাবেক্ষণ এবং মাসিক ব্যবস্থাহীন নিষিদ্ধকরণ;
- (ঘ) ওয়েব পোর্টালের তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা;
- (ঙ) ওয়েব পোর্টালের বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের কাঙ্গিত পর্যায়ের দক্ষতা সূচিৰ লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন এবং এই উদ্দেশ্যে একটি প্রশিক্ষক পুল তৈরিকরণ;
- (চ) ওয়েব পোর্টালের প্রচার এবং ইহা টেকসই করিবার লক্ষ্যে কার্যকর তৃতীয় পালন; এবং
- (ছ) প্রতি মাসে কমপক্ষে একটি সভার আয়োজন এবং অধিক্ষেত্রাধীন ওয়েব পোর্টালসমূহের মানোন্নয়নে প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ।


৩। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ০৮ এপ্রিল ২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ সংখ্যক প্রজ্ঞাপন-এর মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, জেলা এবং উপজেলা পর্যায়ে ইতোমধ্যে গঠিত ইনোভেশন টিম-এর কার্যপরিধিতে উপযুক্ত দায়িত্বসমূহ অন্তর্ভুক্ত হইবে।

৪। ইউনিয়ন পোর্টালসমূহের ব্যবস্থাপনা উপজেলা ইনোভেশন টিমের তত্ত্বাবধানে সম্পাদিত হইবে। ইউনিয়ন পরিষদের সচিবগণ পোর্টাল বাস্তবায়ন এবং হালনাগাদকরণে সংশ্লিষ্ট উপজেলা ইনোভেশন টিমকে সহায়তা প্রদান করিবেন।

৫। বিভাগীয় কমিশনারগণ এই প্রজ্ঞাপনের আলোকে বিভাগীয় পর্যায়ে ওয়েব পোর্টাল ব্যবস্থাপনা কমিটি গঠনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করিবেন। সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ তাঁদের অধিক্ষেত্রাধীন ইনোভেশন টিমকে ওয়েব পোর্টাল সংক্রান্ত দায়িত্ব পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রসওবা)